

গাজীপুর বিআইটিতে আন্দোলন

গাজীপুর সর্বোদমাতা
৥ গাজীপুরে অবস্থিত
বিআইটি-ঢাকার
নামকরণ নিয়ে
ইনস্টিটিউটের ছাত্র-
ছাত্রীদের আন্দোলন
অব্যাহত রয়েছে।
সদ্যসমাগত জাতীয়

- ক্যাম্পাস অশান্ত
- পরীক্ষা স্থগিত
- ক্লাস হচ্ছে না ঠিকমত

ফোয়াড গঠন এবং
ক্যাম্পাসের সব নাম
মসলকে ঢাকা
প্রকৌশল ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়
নামকরণ করেছে।
এছাড়া প্রধানমন্ত্রী
বরাবরে ১০২০টি

সংসদ অধিবেশনে (গত ১২ই মে)
গাজীপুরসহ দেশের ৪টি বিআইটিতে
প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উন্নীত
করার বিল পেশ করা হয়। বিলে
গাজীপুরে অবস্থিত বিআইটি-ঢাকার
নামকরণ করা হয় গাজীপুর প্রকৌশল ও
প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। এ নামকরণের
প্রতিবাদে এবং গাজীপুরের বদলে ঢাকা
প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নামকরণের দাবীতে ইনস্টিটিউটের
একদশ ছাত্র-ছাত্রী পরদিন ১৩ই মে
থেকেই আন্দোলন শুরু করে। বিক্ষুব্ধ
ছাত্ররা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল এবং
প্রশাসনিক ভবনের কয়েকটি কক্ষের
আসবাবপত্র জাফুর করে।
উদ্ভূত পরিস্থিতিতে কর্তৃপক্ষ ১৮ই মে
থেকে অনুষ্ঠিতব্য ইনস্টিটিউটের সকল বর্ষ
ও পর্কের পরীক্ষা স্থগিত ঘোষণা করেন।
আন্দোলনরত ছাত্র-ছাত্রীরা ইতোমধ্যে
ক্যাম্পাসে স্থায়ী মঞ্চ নির্মাণ, মুড়াছত্রী

পত্র প্রেরণ, ১ হাজার ফুট দীর্ঘ ব্যানার
তৈরী, পোস্টার-লিফলেট বিতরণসহ
ক্যাম্পাসে প্রতিদিন নানা কর্মসূচী পালন
করে যাচ্ছে আন্দোলনরত ছাত্র-ছাত্রীরা।
এদিকে গাজীপুরের বিভিন্ন রাজনৈতিক,
সামাজিক ও পেশাজীবী সংগঠন নতুন এ
নামকরণের সিদ্ধান্তকে অতিন্দিত
করেছে। জেলাবাসীরাও চায় প্রতিষ্ঠানটির
নতুন নামকরণ করা হোক গাজীপুর
প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। একটি
বিশেষ মহল ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে দিয়ে
আন্দোলন করাতে চাচ্ছে এমনও
অভিযোগ করেছেন কেউ কেউ। তবে
নতুন নামকরণের বিষয়টি নিয়ে ক্যাম্পাস
ক্রমশঃ উত্তপ্ত ও অশান্ত হয়ে উঠছে।
ব্যক্তিক্রমধর্মী এ প্রতিষ্ঠানটিতে
নাকমরণজনিত জটিলতা থেকে মুক্ত হয়ে
আবার শিক্ষার পরিবেশ ফিরে আসুক এ
প্রত্যাশা ছাত্র, শিক্ষক এবং এলাকাবাসী
সকলের।